

কম্যুনিটি এলার্ম সার্ভিস

Community Alarm Service (Bengali)

কম্যুনিটি এলার্ম সার্ভিস (সিএএস) প্রতিষ্ঠিত হয়েছে ১৯৮৩ সালে বয়স্ক ও দুর্বল বাসিন্দাদের সহায়তা ও নিরাপত্তা দেবার জন্য।

আমাদের কন্ট্রোল সেন্টারে প্রায় ২,২০০ যোগাযোগ রয়েছে। এর মধ্যে ১০০০ টি হলো 'ডিসপার্সড এলার্ম' যা লোকজনের বাড়িতে লাগানো হয়েছে এবং বাকী ১,২০০ টি হলো 'হার্ড-ওয়্যার্ড' এলার্ম যা শেলটার্ড হাউজিং স্কিমে লাগানো হয়েছে।

সিএএস বারোতে একমাত্র সপ্তাহে ৭ দিন ও ২৪ ঘন্টা চালু সেবা যা উচ্চ নির্ভরতা-সম্পন্ন লোকদের বা যাদেরকে গৃহ সহিংসতার মতো বিপদের ঝুঁকিপূর্ণ মনে করা হয় তাদেরকে সহায়তা দেবার জন্য নিয়োজিত।

কম্যুনিটি এলার্ম সার্ভিসের ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকলে নীচের প্রবন্ধে তার উত্তর পাবেন।

আরো তথ্যের জন্য, দয়াকরে আমাদের সাথে 020 7605 6509 এ ফ্রীফোন নাম্বারে বা TCommunityAlarmsService@kctmo.org.uk এ ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন। এ ছাড়াও, দয়া করে কম্যুনিটি এলার্ম সার্ভিসের উপর একটি লিফলেট ডাউনলোড করুন।

কম্যুনিটি এলার্ম সার্ভিস কে ব্যবহার করতে পারেন?

একটি ফি (চার্জ) এর বিনিময়ে কমিউনিটি এলার্ম সার্ভিসে যে কাউকেই সংযুক্ত করা যাবে; নীচে বিস্তারিত বিবরণ দেয়া আছে।

কিছু কিছু দুর্বল গ্রুপ হয়তো তৃতীয় কোন সংস্থা যেমন সোশ্যাল সার্ভিস, চ্যারিটি ও কম্যুনিটি সেফটি টিমের দ্বারা সিএএসএ তে প্রবেশাধিকার পেতে পারেন।

কম্যুনিটি এলার্ম সার্ভিস এর অস্তিত্ব কি জন্য?

কোন কোন সময় একা থাকা বেশ চিন্তার ব্যাপার হতে পারে। এলার্ম মানসিক প্রশান্তি এনে দিতে পারে এবং তা আপনার বাড়ীর ভেতরে দিনে বা রাতে ব্যবহার করা যেতে পারে সহায়্য চাইতে বা বিভিন্ন কারণে যেমন:

- আপনি আশ্বাস পেতে চাইলে
- আপনার বাড়ীর ভেতরে কোন দুর্ঘটনা বা ঘটনা ঘটলে।
- আপনি কোন ডাক্তারী জরুরী আবস্থায় ভুগলে
- আপনি হয়রানীর শিকার হলে
- আপনার কোন অপরাধের অভিযুক্ত হলে/আপনি সাক্ষী হলে
- আপনি কোন গৃহ সহিংসতায় ভুগলে
- আপনি কোন অসামাজিক আচরণের শিকার হলে
- আপনি ভুয়া কলারদের (ভুয়াপরিয়দানকারী আগন্তুক) শিকার হলে।

এগুলো ও অন্যান্য পরিস্থিতি দুশ্চিন্তা ও যাতনার কারণ হতে পারে, শুধু জড়িত ব্যক্তির জন্যেই নয় বরং আপনার পরিবার ও বন্ধুবান্ধবদের জন্যেও। এ সার্ভিস সহায়তা ও উপদেশ দিয়ে আপনার মনকে শান্তি দেবার জন্য।

এটা কিভাবে কাজ করে?

কমিউনিটি এলার্ম সার্ভিস দুইটি মূল বিষয় আছে: সাহায্যের জন্য ডাকার একটি উপায় এবং ডাকলে নির্ভযোগ্য ও তড়িৎ সাড়া পাওয়া।

সাহায্যের জন্য ডাকা:

ব্যবহারকারীদের বাড়িতে যে যোগাযোগ সরঞ্জাম আছে তার দুটি অংশ: একটি ছোট বহনযোগ্য ট্রিগার, যা তাদের বাড়ীর মধ্যে পরতে হয় (সাধারণতঃ গলার চার পাশে সুতো দিয়ে ঝোলানো) এবং একটি এলার্ম বেইস ইউনিট।

যখন বহনযোগ্য ট্রিগারের বাটন টেপা হয় এটা এলার্ম ইউনিটে একটি রেডিও সিগনাল বা সংকেত পাঠায়। ইউনিটকে প্রথমে করা আছে যাতে এটা আমাদের কমিউনিকেশন সেন্টারের একজন অপারেটরকে টেলিফোন করে। এটা একটা সাধারণ টেলিফোন নেটওয়ার্কের মাধ্যমে কাজ করে।

বাটনে টিপ দেবার পর ব্যবহারকারী অপারেটরের সাথে কথা বলতে পারবেন। ব্যবহারকারীকে আমাদের ডেটাবেইস দ্বারা সনাক্ত করা হবে, এবং আমরা প্রয়োজন হলে এম্বুলেন্স, বা সহায়তার আয়োজন করতে পারবো।

আরো তথ্যের জন্য, সেন্সরের উপর লিখিত লিফলেটটি ডাউনলোড করুন।

সাহায্য পাঠানো

আমাদের অপারেটর প্রতি কলারদের ব্যক্তিগত ও জরুরী চাহিদা পরিমাপ করবেন। এতে হয়তো আপনাকে এসে শারীরিক সহায়তা/বা অন্যান্য পেশাদার লোকজনকে চাবি দিতে হতে পারে যাতে তারা আপনার ঘরে ঢুকে সহায়তা দিতে পারেন যেমন, আপনি পড়ে গেলেন।

আমাদের অপারেটররা একজন পরিবারের সদস্য বা বন্ধু আপনার সাথে সাক্ষাত করে আপনার সমস্যা নিয়ে কথা বলার আয়োজন করতে পারেন।

কি ধরনের সাড়া দেয়া হয়?

সি এ এস দুই ধরনের সেবাদান করে: একটি মনিটরিং সার্ভিস ও একটি ভিজিটিং সার্ভিস

মনিটরিং সার্ভিস

আপনি মনিটরিং সার্ভিসের গ্রাহক হলে আমরা আমাদের কাছে আপনার চাবি রাখিনা, তাই আপনার সহায়তার প্রয়োজন হলে, সে সময় আপনার সম্মতি নিয়ে আমরা অন্যদের জানাবো যেমন, প্রতিবেশী, পোর্টার, পুলিশ, বা জরুরী সেবাগুলোকে।

আপনি যখন এ সার্ভিসের গ্রাহক হবেন আপনার কমপক্ষে ২-৩ জন সাড়া দানকারী নির্বাচিত করতে হবে যাদের কাছে চাবি থাকবে এবং জরুরী অবস্থায় সাড়া দেবার জন্য তাদেরকে যোগাযোগ করা যাবে।

ভিজিটিং সার্ভিস

আপনি যখন ভিজিটিং সার্ভিস ব্যবহার করবেন, তখন আমরা আপনার চাবি রাখবো। তাই আপনি এলার্ম টেপার পর যদি আমাদের সাথে কথা না বলেন, তখন পরিস্থিতির মূল্যায়ন করার জন্য আমরা আপনার বাড়ীতে আসবো। প্রয়োজন হলে আমরা জরুরী সেবাগুলোকে উপস্থিত হবার ব্যবস্থা করবো।

এতে কত খরচ লাগে?

ভিজিটিং সার্ভিস

মাসিক চার্জ = £২৩.০০ (ভিএটি ছাড়া)

মাসিক চার্জ = £২৭.০৩ (ভিএটি সহ)

মনিটরিং সার্ভিস

মাসিক চার্জ = £১৩.০০ (ভিএটি ছাড়া)

মাসিক চার্জ = £১৫.২৬ (ভিএটি সহ)

এ সেবার জন্য কিভাবে খরচ পরিশোধ করতে হবে?

একটি স্ট্যান্ডিং ওর্ডার করিয়ে রাখলে পরিশোধ করা সবচেয়ে সহজ হয়। এটা করতে হলে অনুগ্রহ করে স্ট্যান্ডিং ওর্ডারের একটি সম্পূর্ণ কপি ডাউনলোড করে নিন।

চেক বা পোস্টাল অর্ডরের মাধ্যমেও পরিশোধ করতে পারেন।

অভিযোগ, প্রশংসা ও উপদেশ

আমরা সবার জন্য ভালো মানের সেবাদান করতে চাই, কিন্তু কোন কোন সময় কাজ খারাপ হতে পারে। যদি তা হয়, আমাদের জানা উচিত যেতে আমরা সেগুলো সঠিক করতে পারি ও তা থেকে শিক্ষা নিতে পারি।

আমাদের সেবাগুলোর কোন ব্যাপারে আপনি বিশেষভাবে খুশী হলে, অনুগ্রহ করে আমাদেরকে জানান যাতে আমরা যা করছি তা চলিয়ে যেতে পারি।

অভিমত ও উপদেশগুলো আমরা সবসময়েই স্বাগত জানাই এবং আমরা সেবা পরিচালনার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে ব্যবহারকারীদের সম্পৃক্ত করায় গর্ব বোধ করি।

আপনাদের কোন সার্ভিসে আমি অসন্তুষ্ট হলে কি করবো?

আপনি 020 7605 6509 এ নাম্বারে টেলিফোনে অভিযোগ জানাতে পারেন এবং একজন অফিসার আপনার অভিযোগ গ্রহণ করবেন এবং দুই কর্মদিবসের মধ্যে আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনি একটি দাপ্তরিক অভিযোগ জানাতে চাইলে দয়া করে আমাদের ওয়েবসাইটের কমপ্লেইন্টস সেকশনে কিভাবে তা করতে হবে এ ব্যাপারে অতিরিক্ত তথ্যাদি দেখুন।

কি করে একটি কমিউনিটি এলার্ম পাবেন?

কমিউনিটি এলার্ম সার্ভিস টিমকে 0800 137 111 এ নাম্বারে বা

TCommunityAlarmsService@kctmo.org.uk এ ইমেইল ঠিকানায় লিখুন। দয়াকরে নিম্নোক্ত তথ্যাদি দিন: আপনার নাম, জন্মতারিখ, টেলিফোন নাম্বার, ঠিকানা, এলার্ম চাওয়ার কারণ।

আমরা দুই কর্ম দিবসের মধ্যে আপনার সাথে সাক্ষাতের আয়োজন করবো।

সাক্ষাতের সময়, আমরা আপনাকে দেখাবো কিভাবে এলার্ম কাজ করে এবং আপনার কোন প্রশ্ন থাকলে তার উত্তর দেবো।

আপনার ইন্টারপ্রিটার বা দোভাষীর প্রয়োজন হলে বা সাইন ল্যাংগুয়েজ ইন্টারপ্রিটারের প্রয়োজন হলে আমরা তার ব্যবস্থা করতে পারবো।

আবেদন পত্র

- আপনি একটি এলার্ম ইউনিট ও পেড্যান্ট সহ সাধারণ সি এ এস সার্ভিসের আবেদন করতে আগ্রহী হলে, অনুগ্রহ করে স্ট্যান্ডার্ড এপ্লিকেশন ফরম পূরণ করুন।
- সোশ্যাল ওয়ার্কার ও অকুপেশনাল থেরাপিষ্ট যারা সুপারিশ করতে চান, দয়া করে টেলিকোয়ার রেফারেল এপ্লিকেশন ফরম পূরণ করুন।